গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ২ শাখা
www.mora.gov.bd

বিষয় : "প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০ টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আনিছুর রহমান, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

সময় ও তারিখ : ১২/০৬/২০১৮ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর-১৫১৫, ভবন নম্বর-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, গত ০১/০২/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য ৮৭২২.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং এপ্রিল ২০১৭ থেকে ডিসেম্বর ২০২০ মেয়াদে সংশোধনপূর্বক অনুমোদনের জন্য গত ২৯/০৩/২০১৮ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনের এনইসি/একনেক অনুবিভাগে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে। সভায় আরও জানানো হয় যে, মোট ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে অধিকাংশ প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রস্তাবিত প্রতিটি স্থান সরেজমিন পরিদর্শন সংক্রান্ত মন্ত্রণালয় কর্তৃক গঠিত উপ-কমিটির প্রতিবেদন পাওয়া গিয়েছে। উপ-কমিটির প্রতিবেদন জেলা প্রশাসক, ইউএনও, মাননীয় সংসদ সদস্যসহ বিভিন্ন মাধ্যম থেকে প্রাপ্ত প্রস্তাব বিবেচনায় নিয়ে প্রাথমিকভাবে ২৬৩টি মডেল মসজিদের স্থান নির্বাচন করা হয়েছে। উক্ত তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়ের জমি নির্বাচন সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার তালিকা যাচাই-বাছাইপূর্বক ২৫৬টি জমি চূড়ান্তভাবে নির্বাচন পরবর্তী প্রশাসনিক আদেশ জারিকরণের সুপারিশ করা হয়েছে। এছাড়া, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিত্তিপ্রস্তর স্থাপনকৃত নয়টি মডেল মসজিদের দরপত্র আহবানের কার্যক্রম চূড়ান্ত করার লক্ষ্যে ফিনিশ সিডিউলসহ প্রয়োজনীয় কাগজপত্র গণপূর্ত অধিদপ্তরে সরবরাহ করা হয়েছে।

০২। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | প্রকল্পের সুষ্ঠু বাস্তাবায়নের স্বার্থে গণপূর্ত অধিদপ্তরের কাজের বিপরীতে অর্থ ছাড়ের বিষয়ে প্রকল্প পরিচালক গণপূর্ত অধিদপ্তরের চাহিদার প্রেক্ষিতে এবং অর্থ বিভাগের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকার আলোকে সম্পাদন করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রকল্পের আওতায় সকল প্রকার অর্থ অবমুক্তি ও ব্যয় গণপূর্ত অধিদপ্তরের চহিদা এবং অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকার আলোকে সম্পাদন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.২ | সভায় জানানো হয় যে, মডেল মসজিদের স্টিল ফেব্রিকেশনের জন্য ডিজাইন কনসালটেন্ট কর্তৃক সরবরাহকৃত ফিনিশ সিডিউলে ফেব্রিকেশন স্টিল এর পুরুত্বের পরিমাণ ধরা হয়েছে ১২ মিলিমিটার, যা অধিক ব্যয় সাপেক্ষ। সভায় আলোচনা হয় যে, প্রকল্প পরিচালক, ডিজাইন কনসালটেন্ট ,গণপূর্ত অধিদপ্তর, পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে একটি একটি কমিটি গঠনের | ক) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে প্রকল্প পরিচালক, ডিজাইন কনসালটেন্ট, গণপূর্ত অধিদপ্তর, পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে স্টিল ফেব্রিফেশনের পুরুত্বসহ সংশ্লিষ্ট | প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | মাধ্যমে স্টিল ফেব্রিফেশনের পুরুত্বসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি নির্ধারণ করে পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা যেতে পারে। এ প্রেক্ষিতে সভায় স্টিল ফেব্রিকেশন ব্যতীত প্রাথমিকভাবে বাস্তবায়নাধীন নয়টি মসজিদের দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ঐকমত্য প্রকাশ করা হয়। | অন্যান্য বিষয়াদি নির্ধারণ করতে পারেন।<br>খ)স্টিল ফেব্রিকেশন ব্যতীত প্রাথমিকভাবে বাস্তবায়নাধীন নয়টি মসজিদের দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২.৩ | সভায় আলোচনা হয় যে, মডেল মসজিদ নির্মাণের জন্য মসজিদের অনুকূলে দানকৃত কিংবা অধিগ্রহণকৃত জমি হস্তান্তরের ক্ষেত্রে দলিল সম্পাদনের বিষয় সরকারের নীতিমালা পর্যালোচনা পূর্বক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অথবা ইসলামিক ফাউন্ডেশনের অনুকূলে সম্পাদন করতে হবে। | এ প্রকল্পের অনুকূলে দানকৃত কিংবা অধিগ্রহণকৃত জমি সরকারের নীতিমালা পর্যালোচনাপূর্বক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অথবা ইসলামিক ফাউন্ডেশন এর অনুকূলে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৪ | গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, প্রকল্পের ডিপিপিতে ২০১৪ সালের রেটসিডিউল অনুযায়ী মসজিদ নির্মাণের ব্যয় নির্ধারণ করা হয়েছিল, কিন্তু বর্তমানে ২০১৮ সালের নতুন রেটসিডিউল অনুযায়ী মসজিদ নির্মাণ ব্যয় শতকরা প্রায় ১০ ভাগ বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে দরপত্র আহবানে জটিলতা দেখা দিয়েছে। সভায় আলোচনা হয় যে, মসজিদ নির্মাণের অতিরিক্ত ব্যয় প্রাইস কনটিনজেন্সি হতে নির্বাহ করা যেতে পারে। প্রকল্পের বাস্তাবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ২০১৪ সালের রেটসিডিউল অনুযায়ী দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়। | প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ২০১৪ সালের রেট সিডিউল অনুসায়ী দরপত্র আহবান করতে হবে এবং অতিরিক্ত নির্মাণ ব্যয় প্রাইস কনটিনজেন্সি হতে নির্বাহ করতে হবে। | প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তর |
| ২.৫ | সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের আওতায় ইতোমধ্যে ২৫৬টি মডেল মসজিদের স্থান নির্বাচন করা হয়েছে। উক্ত স্থানসমূহের মধ্যে প্রাথমিকভাবে ১০০টি মসজিদ নির্মাণের নিমিত্ত প্রশাসনিক আদেশ জারি এবং গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বিলবোর্ড স্থাপন করা যেতে পারে। | প্রকল্পের আওতায় যাচাই/বাছাইপূর্বক প্রাথমিকভাবে ১০০টি মসজিদ নির্মাণের নিমিত্ত প্রশাসনিক আদেশ জারি এবং গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বিলবোর্ড স্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-১৪/০৬/২০১৮ খ্রি
মোঃ আনিছুর রহমান
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর: ১৬.০০.০০০০.০০৮.০৫.১২৩.১৭.১৭৬ তারিখ:১৪/০৬/২০১৮খ্রি:

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা [দৃ: আ: মহাপরিচালক, সেক্টর-৭]।

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব, বাজেট-৭]।

৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
[দৃ: আ: জনাব রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা [দৃ: আ: সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি] ।
৫। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। বিভাগ প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
[দৃ: আ: যুগ্ম-প্রধান, শিক্ষা উইং]।
৮। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা [যুগ্মপ্রধান, আসঅবি]।
৯। প্রকল্প পরিচালক, "প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন'' শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
১১। উপসচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। অফিস কপি/মাস্টার কপি।

১৪/০৫/১৮

ভূঁঞা মোহাম্মদ রেজাউর রহমান ছিদ্দিকি
সিনিয়র সহকারী প্রধান।